



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ ডাক বিভাগ  
পোস্টাল প্রিন্টিং প্রেস  
টঙ্গী, গাজীপুর-১৭১০।



### ছাপটুপি ও অকেজো মালামাল বিক্রয়ের জন্য দরপত্র বিজ্ঞপ্তি

পোস্টাল প্রিন্টিং প্রেস, টঙ্গী, গাজীপুর-১৭১০ এর কাগজের ছাপটুপি ও প্রিন্টিং মেশিনের ব্যবহৃত এলুমিনিয়াম প্লেট, মলাট কাগজ ইত্যাদি বিক্রয়ের জন্য অগ্রহী প্রকৃত ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

০১.	মন্ত্রণালয় বিভাগ	: ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
০২.	সংস্থা	: বাংলাদেশ ডাক বিভাগ
০৩.	সংগ্রাহক সত্ত্বার নাম	: ডাক অধিদপ্তরের অধীনস্থ পোস্টাল প্রিন্টিং প্রেস
০৪.	সংগ্রাহক সত্ত্বার জেলা	: গাজীপুর
০৫.	কাজের নাম	: পোস্টাল প্রিন্টিং প্রেস, টঙ্গী, গাজীপুর-১৭১০ এর ছাপটুপি ও অকেজো মালামাল বিক্রয়।
০৬.	কাজের সময়কাল (মেয়াদ)	: ২ (দুই) বছর। বিশেষ প্রয়োজনে আরও ১ (এক) বছর বর্ধিত করা হতে পারে।
০৭.	দরপত্র পদ্ধতি	: উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম)
০৮.	দরপত্র আহ্বানের সূত্র ও তারিখ	: নং-প্রেস/বিবিধ/১১-২২/২০২২-২৩, তারিখ : ১৪/০৭/২০২২ খ্রিঃ
০৯.	দরপত্র প্রকাশের তারিখ	: ১৬/০৮/২০২২ খ্রিঃ
১০.	দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ	: ০৬/০৯/২০২২ খ্রিঃ (অফিস সময় পর্যন্ত)
১১.	দরপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়	: ০৭/০৯/২০২২ খ্রিঃ (দুপুর ১২:০০ ঘটিকা)
১২.	দরপত্র উন্মুক্ত করার তারিখ ও সময়	: ০৭/০৯/২০২২ খ্রিঃ (বেলা ২:০০ ঘটিকা)
১৩.	দরপত্র সিডিউল বিক্রয়/প্রাপ্তিস্থান	: ক) শাখা কর্মকর্তা (প্রকাশনা), কক্ষ নং-৬১৩, ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। খ) প্রশাসনিক কর্মকর্তা, পোস্টাল প্রিন্টিং প্রেস, ৮০/এ, বিসিক এলাকা, টঙ্গী, গাজীপুর-১৭১০
১৪.	দরপত্র গ্রহণের স্থান	: পুলিশ কমিশনার এর কার্যালয়, ডি.এম.পি, ৩৬, মিন্টু রোড, ঢাকা-১০০০।
১৫.	দরপত্র উন্মুক্ত করার স্থান	: প্রেস ম্যানেজারের কক্ষ, পোস্টাল প্রিন্টিং প্রেস, ৮০/এ, বিসিক এলাকা, টঙ্গী, গাজীপুর-১৭১০।
১৬.	দরদাতা (ঠিকাদার)দের যোগ্যতা	: সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে অনুরূপ কাজের কমপক্ষে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা।
১৭.	দরপত্র সিডিউলের মূল্য	: টাকা ৫০০/- (পাঁচ শত) টাকা যা অফেরতযোগ্য।
১৮.	আর্নেস্টম্যানি/দরপত্র জামানত	: টাকা ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা যা ফেরতযোগ্য।
১৯.	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার পদবী ও ঠিকানা	: প্রেস ম্যানেজার, পোস্টাল প্রিন্টিং প্রেস, ৮০/এ, বিসিক এলাকা, টঙ্গী, গাজীপুর-১৭১০।
২০.	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার সাথে দূরালাপনীর নম্বর	: ২২৪৪১১৫০১, ২২৪৪১১৫০২
২১.	কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে-কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।	

#### অন্যান্য শর্তাবলী :

- ছাপটুপির (অফকাট ব্যতিত) সর্বোচ্চ দরদাতা কার্যাদেশ প্রাপ্ত হইবেন। তবে শর্ত থাকে যে, প্লেট এবং মলাট কাগজের সর্বোচ্চ দরদাতা যে ঠিকাদারী প্রতিষ্ঠান হবেন (যদি সেই প্রতিষ্ঠান রেসপনসিভ হয়) সেই প্রতিষ্ঠানের উল্লেখিত দরে ছাপটুপির সর্বোচ্চ দরদাতা যিনি কার্যাদেশ প্রাপ্ত হবেন সেই প্রতিষ্ঠান প্লেট এবং মলাটও গ্রহণ করতে বাধ্য থাকবেন। ধারণাটি অস্পষ্ট মনে হলে, দরপত্র আহ্বানকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের সাথে আলাপ করা যেতে পারে।
- যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার বা যে কোন ডাকঘরের অশ্রেণীভুক্ত (ইউসিআর) খাতে সিনিয়র পোস্টমাস্টার, ঢাকা জিপিও'র অনুকূলে চাহিদাকৃত টাকা প্রদান করে উহার মূল রশিদের বিনিময়ে নির্দিষ্ট দরপত্র সিডিউল ক্রয় এবং অনুরূপভাবে আর্নেস্টম্যানির (দরপত্র জামানত) মূল রশিদ দরপত্রের সংগে দাখিল করতে হবে।
- দরপত্র সিডিউলের সংগে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, জি.আই.আর/টি.আই.এন নম্বরসহ আয়কর এ্যাসেসমেন্ট সনদ, ব্যাংক থেকে আর্থিক স্বচ্ছলতার সনদ এবং সরকারী/আধাসরকারী/ স্বায়ত্ব-শাসিত প্রতিষ্ঠানে অনুরূপ কাজের ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতার সনদ দাখিল করতে হবে। উপরোক্ত সব দলিলগুলোর মূল/সত্যায়ন কপি প্রয়োজ্য।
- দরপত্র সিডিউলের নির্ধারিত স্থানে প্রদত্ত মালামালের প্রস্তাবিত মূল্য অংক ও কথায় অভিন্ন এবং স্পষ্টভাবে লিখতে হবে। প্রস্তাবিত মূল্যের স্থানে অসম্পূর্ণ/কাটাকাটি/ওভাররাইটিং যুক্ত দরপত্র বাতিল করা হতে পারে।
- কৃতকার্য দরদাতাকে সরকারী বিধি-বিধান মোতাবেক প্রয়োজ্য হারে ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।
- দরপত্র সিডিউলে বর্ণিত সামগ্রীক নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(উৎপল কুমার দত্ত)  
প্রেস ম্যানেজার  
পোস্টাল প্রিন্টিং প্রেস  
টঙ্গী, গাজীপুর-১৭১০।  
ফোন : ২২৪৪১১৫০১।